৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 DEC 1993
পৃষ্ঠা ১২ কলাম ৫

## গ্রামে গ্রামে লাইব্রেরী গড়িয়া তুলিতে হইবে

..................................শিক্ষা প্রতিমন্ত্রী

সমাজে অগ্রগতি আনিতে হইলে গ্রামে গ্রামে লাইব্রেরী গড়িয়া তুলিতে হইবে। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিমন্ত্রী

( শেষ পৃঃ পর )

গতকাল ব্যাঙ্কসডক মিলনায়তনে বাংলাদেশ গ্রন্থাগারিক ও অধ্যায়নবিদ সমিতি আয়োজিত "2000 সালের মধ্যে সবার জন্য শিক্ষা : কার্যক্রম বাস্তবায়নে গ্রন্থাগারের ভূমিকা" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, দীর্ঘদিন যাবৎ রাজনৈতিক অস্থিশীলতার কারণে শিক্ষার প্রসার বাধাগ্রস্ত হইয়াছেন। তিনি বলেন, "সকলকে শিক্ষিত করিতে হইবে" এই বিষয়কে সামাজিক অন্দোলনে পরিণত করিতে হইবে। প্রতিমন্ত্রী বলেন, শুধু লাইব্রেরীর মাধ্যমেই সারা জীবন অব্যাহত শিক্ষা লাভ করা সম্ভব। সমিতির সহ-সভানেত্রী নিলুফার আকতারের সভানেত্রীত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন খোন্দকার শহীদুল ইসলাম, ডঃ এম এ জলিল, আ ফ ম বদিউর রহমান এবং আবু সাঈদ।

—তথ্য বিবরণী